

জীবনীমূলক স্কেচ



কৃষিবিদ ড. মোঃ সফিকুর রহমান (শশী), ১৯৭৪ সালের ১৬ জুন বগুড়া জেলার সারিয়াকান্দি উপজেলার চরকর্ণিবাড়ি গ্রামে জন্মগ্রহণ করেন। তিনি বগুড়া জেলার সোনাতলা উপজেলার পাকুল্লা বহুমুখী উচ্চ বিদ্যালয় থেকে ১৯৮৯ সালে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষায় প্রথম বিভাগ এবং ১৯৯১ সালে রাজশাহী শিক্ষা বোর্ডের অধীনে সরকারি আজিজুল হক কলেজ, বগুড়া থেকে প্রথম বিভাগ পেয়ে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পাস করেন। তিনি ১৯৯৫ সালে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ থেকে বি.এসসি ইন এ্যানিমেল হাজবেড্রী ডিগ্রি শেষ করেছেন এবং উক্ত ডিগ্রিতে প্রথম শ্রেণিতে প্রথম স্থান অর্জন করার জন্য মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক চ্যান্সেলর অ্যাওয়ার্ড (স্বর্ণপদক) লাভ করেন। তারপর তিনি একই বিশ্ববিদ্যালয় থেকে ২০০০ সালে এ্যানিমেল ব্রিডিং এন্ড জেনেটিক্স বিভাগ থেকে প্রথম শ্রেণিতে এম.এস ডিগ্রি অর্জন করেন। তিনি বিশ্বব্যাংক ও যুক্তরাষ্ট্র সরকারের (USDA) বৃত্তি নিয়ে পিএইচডি ডিগ্রি লাভ করেন।

কৃষিবিদ ড. মোঃ সফিকুর রহমান ২৪ অক্টোবর, ১৯৯৯ সালে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের অধীনস্থ প্রাণিসম্পদ অধিদপ্তরে (ডিএলএস) বৈজ্ঞানিক কর্মকর্তা পদে বিসিএস ক্যাডারের (১৯তম বিসিএস) চাকরিতে যোগদান করেন। চাকুরীকালে তিনি বাংলাদেশ জাতীয় চিড়িয়াখানা, মিরপুর, কেন্দ্রীয় গো প্রজনন ও দুগ্ধ খামার, সাভার, ঢাকা, জামালপুর, মাদারীপুর, রাজবাড়ী, নরসিংদী এবং প্রাণিসম্পদ অধিদপ্তরের সদর দপ্তরে ১৯৯৯ থেকে ২০১৮ সাল পর্যন্ত বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে সফলতার সহিত দায়িত্ব পালন করেন। এছাড়াও তিনি ২০১৮ থেকে ২০২০ সাল অবধি ঢাকার সাভারস্থ সেন্ট্রাল ক্যাটল ব্রিডিং স্টেশনে (সিসিবিএস) বায়ার অফিসার (জেলা প্রাণিসম্পদ অফিসারের সমতুল্য) এবং ফেব্রুয়ারী ২০২২ সাল অবধি সরকারি পোল্ট্রি প্রজনন ও উন্নয়ন খামার যশোরের উপ-পরিচালক হিসাবে দায়িত্ব পালন করেছেন। তিনি ফেব্রুয়ারী ২০২২ সাল থেকে মে ২০২৩ সাল পর্যন্ত এসোসিয়েট প্রফেসর হিসেবে বিসিএস লাইভস্টক একাডেমিতে ক্যাডার কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদান করেন।

তিনি ২০০৫ সালে JICA পরিচালিত ন্যাশনাল লাইভস্টক ব্রিডিং সেন্টার (NLBC), ফুকুশিমা, জাপানে অনুষ্ঠিত আন্তর্জাতিক প্রশিক্ষণ কোর্স সফলভাবে সম্পন্ন করেন। তিনি ২০০৯ সালে ন্যাশনাল জুলজিক্যাল গার্ডেন, কলম্বো, শ্রীলঙ্কায় অনুষ্ঠিত SAZARC পরিচালিত সার্ক দেশগুলির অংশগ্রহণে বন্য প্রাণীর প্রজননের গুরুত্ব ও বন্যপ্রাণী সংরক্ষণের জন্য আন্তর্জাতিক প্রশিক্ষণ কর্মসূচিতে অংশগ্রহণ করেন। এছাড়াও তিনি ২০১৩ সালে জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থা (FAO) কর্তৃক আয়োজিত থাইল্যান্ডের চিয়াং মাই ডেইরি ট্রেনিং সেন্টারে (CDTC) আন্তর্জাতিক প্রশিক্ষণ কোর্স সফলভাবে সম্পন্ন করেন। তিনি প্রাণিপ্রজনন এবং প্রাণিপুষ্টি বিষয়ে দেশে ও বিদেশে প্রশিক্ষণের জন্য মুখ্য প্রশিক্ষক হিসাবে অনেক প্রশিক্ষণ কোর্সের নেতৃত্ব দেন। ২০১৮ সালে ডেইরী উন্নয়ন শীর্ষক শ্রীলঙ্কান সরকারি কর্মকর্তাদের এক প্রশিক্ষণ কোর্সে মুখ্য প্রশিক্ষকের (Master Trainer) দায়িত্ব পালন করেন। চাকুরীকালে বিভিন্ন প্রশিক্ষন ও সেমিনারে অংশগ্রহণের জন্য তিনি জাপান, থাইল্যান্ড, মালেশিয়া, ইন্দোনেশিয়া, সিংগাপুর, নিউজিল্যান্ড, শ্রীলঙ্কা ও ভারত ভ্রমণ করেন। তিনি বিভিন্ন জার্নালে ০৩টি গবেষণা নিবন্ধ প্রকাশ করেছেন। তিনি ২০০৩ সাল থেকে ২০০৬ সাল পর্যন্ত জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থা (এফএও) তে ট্রেনিং কোঅর্ডিনেটর হিসেবে লিয়েন কর্মরত ছিলেন। এছাড়া ২০১৪ সাল থেকে ২০১৬ সাল পর্যন্ত যুক্তরাষ্ট্র সরকারের ইউএসডিএ আর্থিক সহায়তায় বাস্তবায়িত বাংলাদেশ ডেইরী এনহেলমেন্ট প্রকল্প- তে টিম লিডার হিসেবে লিয়েনে কর্মরত ছিলেন।

কৃষিবিদ ড. মোঃ সফিকুর রহমান (শশী) বর্তমানে, উপপরিচালক (পরিসংখ্যান), কৃত্রিম প্রজনন দপ্তর, প্রাণিসম্পদ অধিদপ্তরের প্রধান কার্যালয়ে কর্মরত থেকে দেশের গবাদিপশুর জাত উন্নয়নে এনিমেল ব্রিডিং বিশেষজ্ঞ দায়িত্ব পালন করছেন।